“আল্লাহর নামে আপনাকে ঝাড়-ফুঁক করছি- সে সব জিনিস হতে, যা আপনাকে কষ্ট দেয়, সব আত্মার খারাবী অথবা হিংসুকের কুদৃষ্টি হতে আল্লাহ আপনাকে মুক্তি দিন, আল্লাহর নামে আপনাকে ঝাড়-ফুঁক করছি”।

আবূ সাঈদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, জিবরীল নবী সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম এর নিকট আগমন করে বললেন, হে মুহাম্মাদ। আপনি কি অসুস্থতা বোধ করছেন?
তিনি বললেন, “হ্যাঁ”। তিনি (জিবরীল) বললেনঃ “আল্লাহর নামে আপনাকে ঝাড়-ফুঁক করছি- সে
সব জিনিস হতে, যা আপনাকে কষ্ট দেয়, সব আত্মার খারাবী অথবা হিংসুকের কুদৃষ্টি হতে
আল্লাহ আপনাকে মুক্তি দিন, আল্লাহর নামে আপনাকে ঝাড়-ফুঁক করছি”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

ফেরেশতা জিব্রাইল আলাইহিস সালাম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর কাছে এসে জিজ্ঞাসা করলেন: হে মোহাম্মদ, তুমি কি অসুস্থ? তিনি বললেন: হ্যাঁ। জিব্রাইল নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে তার নিম্নের কথা দ্বারা ঝাড়ফুঁক করলেন: « باســـم اللـــه« আল্লাহর নামে তার সাহায্য প্রার্থনা করে, « أرقيــــك «আমি তোমাকে ঝাড়ফুক করটি আমি তোমাকে আশ্রয়ে দিচ্ছি « مـن كـل شـيء يؤذيـك «ছোট বা বড় সব কষ্টদায়ক বস্তু হতে « مـن شـر كـل نفـس« "প্রত্যেক আত্মার অনিষ্ট থেকে", « أو عيـــن حاســـد" «অথবা ঈর্ষান্বিত ব্যক্তির দৃষ্টি থেকে" যাতে তুমি আক্রান্ত না হও। আল্লাহ « يشفيــــك" «তোমাকে আরোগ্য" দান করবেন এবং সমস্ত রোগ

থেকে রক্ষা করবেন এবং সুরক্ষা দিবেন। « باســـم اللـــه أرقيـــك" «আল্লাহর নামে আমি তোমার উপর রুকিয়া করছি।" তিনি জোর দেওয়ার জন্য এটি পুনরাবৃত্তি করেছেন এবং এটি দিয়েই শুরু ও শেষ করেছেন এই ইঙ্গিত করার জন্য যে তিনি ব্যতীত আর কেউ উপকার করতে পারে না।

https://www.sunnah.global/hadeeth/bn/show/5650